*নিরাপদ মাছে ভরবো দেশ*
*মুজিব বর্ষে বাংলাদেশ*

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য জেলা পরিষদ
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
fisheries.khagrachhari.gov.bd

পত্র নং: ৩৩.০২.৪৬০০.৪০০.৪৯.০০১.১৭-৩০৮ তারিখ: ৩০/১২/২০২১ খ্রি.

**খাগড়াছড়ি পার্বত্য জেলার ডিসেম্বর/২০২১ খ্রি.মাসের নৈতিকতা কমিটির ২য় সভার কার্যবিবরণী**

সভাপতি : ড. মঈন উদ্দিন আহমদ
তারিখ : ৩০/১২/২০২১ খ্রি., সময় ০৩.০০ ঘটিকা
সভার স্থান : জেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি পার্বত্য জেলা এর সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা পরিশিষ্ট "ক"-প্রদর্শন করা হলো।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর নিম্নবর্ণিত প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার, ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার এবং শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম বিষয়ে আলোচনা হয়।

| ক্র: নং | আলোচ্য কার্যপরিধি | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| **প্রাতিষ্ঠানিক শুদ্ধাচার:** | | | |
| ১ | নৈতিকতা কমিটির সভা আয়োজন ও ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ অনুমোদন | মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক অদ্যকার ত্রৈমাসিকে সভায় খাগড়াছড়ি জেলার অর্জিত তিন মাসের প্রতিবেদনসমূহ পর্যালোচনা করে অনুমোদন করা হয় ও ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ উর্ধ্বগামী করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ২ | নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত কার্যক্রম বাস্তবায়নের হার শতভাগ (১০০%) অর্জিত হয়েছে যা প্রথম ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ৮ নম্বর কলামে এবং দ্বিতীয় ত্রৈমাসিক অগ্রগতি ৯ নম্বর কলামে উল্লেখ করা হয়েছে। একইভাবে সকল উপজেলার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক গৃহীত কার্যক্রম বাস্তবায়নের হার পর্যালোচনা করে পরবর্তী ত্রৈমাসিক প্রতিবেদনে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৩ | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | এ ত্রৈমাসিকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা প্রথম ত্রৈমাসিকের সভা ৩০ সেপ্টেম্বর ২০২১ তারিখে এবং দ্বিতীয় ত্রৈমাসিকের সভা গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে সম্পন্ন হয়েছে। ভবিষ্যতেও প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৪ | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ দ্বিতীয় কোয়ার্টারে করার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। সে মোতাবেক গত ২৫ নভেম্বর ২০২১ তারিখে শুদ্ধাচার সংক্রান্ত সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রম বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। পরবর্তী প্রশিক্ষণ চতুর্থ ত্রৈমাসিকে অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৫ | কর্ম-পরিবেশ উন্নয়ন (ক. সকল কর্মকর্তা ও কর্মচারীর জন্য মাস্ক ও স্যানিটাইজার সরবরাহ। | অফিসের কর্ম-পরিবেশ উন্নয়নে জেলা ও জেলাধীন উপজেলাসমূহ যথাযথ পদক্ষেপ গ্রহণ করেছেন মর্মে জানা গেল। করোনার অমিক্রণ | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |

| | | | |
|---|---|---|---|
| | খ. অফিস ভবন জীবাণুনাশক দিয়ে জীবাণুমুক্ত করা।) | ভ্যারিয়েন্ট হতে সুরক্ষার নিমিত্ত প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন করে অফিসের কর্ম-পরিবেশ উন্নয়ন কার্যক্রম অব্যহত রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | |
| ৬ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণ | নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ এর ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন জেলা মৎস্য দপ্তরে যথাসময়ে দাখিল ও স্ব স্ব ওয়েবসাইটে আপলোডকরণের সিদ্ধান্ত গৃহীত হয়। মন্ত্রিপরিষদ বিভাগ থেকে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী প্রতি কোয়ার্টারের শেষে (১৫ দিনের মধ্যে) ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন আপলোডকরণ সম্পন্ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৭ | শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কারপ্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ | চলতি বছরে শুদ্ধাচার পুরস্কার প্রদানের ক্ষেত্রে “শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা ২০১৭”-তে বর্ণিত শুদ্ধাচার পুরস্কারের সূচকসমূহ (Indicators) অনুসরণ করে পুরস্কারপ্রাপ্তদের তালিকা তৈরি ও যথাসময়ে ওয়েবসাইটে প্রকাশ করা হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| **ক্রয়ের ক্ষেত্রে শুদ্ধাচার:** | | | |
| ১ | ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েব সাইটে প্রকাশ | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মোতাবেক বার্ষিক ক্রয়পরিকল্পনা (এপিপি), বিগত ৩১/০৭/২০২১ এর মধ্যে তৈরি, অনুমোদন গ্রহণ ও ওয়েবপোর্টালে আপলোড করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছিল। যে সকল উপজেলার সংশ্লিষ্ট কর্মকর্তা অদ্যাবধি এপিপি আপলোড করেন নাই, তাঁর/তাদের স্ব স্ব ওয়েব পোর্টালে বার্ষিক ক্রয়পরিকল্পনা (এপিপি), ২০২১-২২ অনতিবিলম্বে আপলোড করার জন্য পুনর্বার অনুরোধ করা হলো। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) । |
| **দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম:** | | | |
| ১ | খাগড়াছড়ি জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় প্রদর্শনী কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং। | খাগড়াছড়ি জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় তৃতীয় কোয়ার্টারে ০৬টি ও চতুর্থ কোয়ার্টারে ১০টি প্রদর্শনী কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং এর কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে প্রথম কোয়ার্টারে ০৭টি ও দ্বিতীয় কোয়ার্টারে ০২টি প্রদর্শনী কার্যক্রম পরিদর্শন ও মনিটরিং করা হয়েছে। ভবিষ্যতেও জেলাধীন যেকোন উপজেলায় প্রদর্শনী কার্যক্রম বাস্তবায়নকালে জেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) । |
| ২ | খাগড়াছড়ি জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় বাস্তবায়িত প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং। | খাগড়াছড়ি জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ কোয়ার্টারে যথাক্রমে ৩. ৫ ও ৮ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং এর কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে ২য় কোয়ার্টারে দীঘিনালা, পানছড়ি ও মহালছড়ি উপজেলার ০৬ ব্যাচে মোট ১২০ জনকে রাজস্ব খাতের আওতায় প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। জেলা মৎস্য কর্মকর্তাকে অবহিত করে যথাসময়ের মধ্যে প্রশিক্ষণ কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাগণকে অনুরোধ করা হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) । |
| ৩ | খাগড়াছড়ি জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় পোনা অবমুক্তি কার্যক্রম মনিটরিং। | খাগড়াছড়ি জেলার রাজস্ব/উন্নয়ন প্রকল্প খাতের আওতায় প্রথম ও দ্বিতীয় কোয়ার্টারে যথাক্রমে ৮০% ও ২০% পোনা অবমুক্তি কার্যক্রম | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্ত ও কর্মচারীগণ (সকল) । |

| | | | |
|---|---|---|---|
| | | মনিটরিং এর কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছিল। তন্মধ্যে প্রথম কোয়ার্টারেই ১০০% পোনা অবমুক্তি কার্যক্রম বাস্তবায়ন মনিটরিং করা হয়। এজন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | |
| ৪ | জেলা মৎস্য দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারী সমন্বয়ে শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা আয়োজন | জেলা মৎস্য দপ্তরের সকল কর্মকর্তা কর্মচারী সমন্বয়ে শুদ্ধাচার বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা প্রথম কোয়ার্টারে গত ২০ সেপ্টেম্বর ২০২১খ্রি. তারিখে বাস্তবায়ন করা হয়েছে। সভায় আলোচিত শুদ্ধাচার বিষয়ক কার্যক্রম স্ব স্ব উপজেলা দপ্তরে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্ত ও কর্মচারীগণ (সকল) । |
| ৫ | মৎস্য আইন ও বিধি শুদ্ধাভাবে চর্চার নিমিত্ত অবহিতকরণ সভা | মৎস্য আইন ও বিধি শুদ্ধাভাবে চর্চার নিমিত্ত অবহিতকরণ সভা দ্বিতীয় কোয়ার্টারে আয়োজন করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছিল, সেমতে গত ১২ ডিসেম্বর ২০২১ তারিখে কার্যক্রমটি বাস্তবায়ন করা হয়েছে। সভায় আলোচিত মৎস্য আইন ও বিধি শুদ্ধাভাবে চর্চার নিমিত্ত স্ব স্ব উপজেলা দপ্তরে আলোচনা করার জন্য অনুরোধ করা হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্ত ও কর্মচারীগণ (সকল) । |

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০২/২০২২

ড. মঈন উদ্দিন আহমদ
জেলা মৎস্য কর্মকর্তা
খাগড়াছড়ি পার্বত্য জেলা
ও
সভাপতি
জেলা শুদ্ধাচার ও নৈতিকতা কমিটি।

পত্র নং: ৩৩.০২.৪৬০০.৪০০.৪৯.০০১.১৭-৩০৮/১(১৮)

তারিখ: ৩০/১২/২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণরে জন্য অনুলিপি বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

০১. মাননীয় চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
০২. উপপরচিালক, বিভাগীয় উপপরিচালকের কাঁযালয়, মৎস্য অধিদপ্তর, চট্টগ্রাম বভিাগ, কুমিল্লা।
০৩.সিনিয়র উপজলো/উপজলো মৎস্য কর্মর্কতা (সকল), ......................................উপজেলা, খাগড়াছড়ি পাবত্য জেলা।
০৪. জনাব..........................................................................................................., অত্র দপ্তর।
০৫. সংশ্লিষ্ট নথি।

০৮/০২/২০২২

জেলা মৎস্য কর্মকর্তা
খাগড়াছড়ি পাবত্য জেলা

# পরিশিষ্ট "ক"

**সভার উপস্থিতিঃ (স্বাক্ষরের ক্রমানুসারে)**

| ক্র:নং | নাম | পদবী ও কর্মস্থল | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আবুল কালাম আজাদ | সিনিয়র সহকারী পরিচালক, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০২ | জনাব সুদৃষ্টি চাকমা | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০৩ | জনাব শরৎ কুমার ত্রিপুরা | সহকারী মৎস্য কর্মকর্তা, খাগড়াছড়ি সদর, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০৪ | জনাব বিজয় কুমার দাস | উপজেলা মৎস্য কর্মকর্তা, রামগড়, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব প্রিয় কান্তি চাকমা | উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.), পানছড়ি, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব প্রবীন চন্দ্র চাকমা | উপজেলা মৎস্য কর্মকর্তা (অ.দা.), মহালছড়ি, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব শ্রেয়সী চাকমা | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব তরুণ বিকাশ চাকমা | ক্ষেত্র সহকারী, লক্ষিছড়ি, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব হযরত আলী | উপসহকারী প্রকৌশলী, জেলা মৎস্য কর্মকর্তার দপ্তর, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মিলন কৃষ্ণ চাকমা | ক্ষেত্র সহকারী, মানিকছড়ি, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ১১ | জনাব অবর্ণা চাকমা | উপজেলা মৎস্য কর্মকর্তা (নি.বে.), দিঘীনালা, খাগড়াছড়ি। | স্বাক্ষরিত |
| ১২ | জনাব রক্তিমা চাকমা | অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর | স্বাক্ষরিত |

০৩/০২/২০২৪

জেলা মৎস্য কর্মকর্তা
খাগড়াছড়ি পার্বত্য জেলা